




FOR CBSE CLASS 10 PREPARATION

CBSE Class 10 Sample Paper 2027 for Bengali

EXAM

CBSE Class 10

YEAR

2027

TYPE

Sample Paper

SUBJECT

Bengali

CLASS – X (2026– 2027)
SUBJECT – BENGALI (CODE NO. – 005)

সময়- ৩ঘণ্টা

Time: 3 Hours

সর্বমোট অঙ্ক – ৮০

Maximum Marks: 80

PART – A: Objective type Questions (MCQ): 20 Marks
Section – A (Reading: Unseen Comprehension)

1. নিচের অনুচ্ছেদ দু'টি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে আবার লেখো:

[2x (5x1) =10]

A. প্রদত্ত অনুচ্ছেদটি পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের সঠিক উত্তরগুলি বেছে নিয়ে লেখো-

হাঙ্গেরির রাজধানী বুদাপেস্ট শহরের দানিযুব নদীর তীরের একাংশে, কংক্রিটে গাঁথা- ষাট জোড়া লোহার জুতো – পুরুষ, মহিলা ও শিশুদের। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় হাঙ্গেরির ফ্যাসিবাদী পার্টি 'রেড অ্যারো' ইহুদি নারী-পুরুষ-শিশুদের এই নদীতীরে এনে পায়ে জুতো খুলে রাখতে বলে গুলি করেছিল। সেই ফ্যাসিস্ট ঘাতকদের কাছে জুতো ছিল ইহুদিদের প্রাণের চেয়ে মূল্যবান। বুদাপেস্টের পার্লামেন্টের অপরূপ স্থাপত্যের মাঝে এই স্মারকগুলির দিকে তাকালে মনে পড়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধের ইহুদি নিধনের সেই ভয়ংকর দিনগুলির কথা। এক পোলিশ সহকর্মীর জানালেন, পোল্যান্ডে প্রতিটি স্কুলের শিশুকে একবার শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া হয় আউশভিৎসে। পৃথিবীখ্যাত মিউজিয়ামের একটি ঘরে রাখা আছে ইহুদি পুরুষ-মহিলা ও শিশুদের নিত্য ব্যবহারের জিনিস- প্রধানত জুতো। পশ্চিমী দুনিয়ার সাধারণ মানুষের মনে 'দ্বিতীয় বিশ্বযুদ্ধ' বলতে হৃদয়ে জ্বলজ্বল করে হিটলার বাহিনীর ইহুদিদের প্রতি অকথ্য অত্যাচারের কাহিনি – যার স্মারক রয়েছে জার্মানি-সহ ইউরোপের বিভিন্ন দেশে। পত্রপত্রিকা, তথ্যচিত্র ও ছায়াছবিতেও এ বিষয়টিই ঘুরেফিরে আসে। বর্তমানে ইজরায়েল ও প্যালেস্তাইন সংঘাতের আবহে ও গাজার যুদ্ধ ঘিরে পশ্চিমী দুনিয়ার মনোভাব আলোচনা করতে এই প্রেক্ষাপটটি হয়তো মনে রাখা দরকার। প্যালেস্তাইনের 'হামাস' জঙ্গিগোষ্ঠী অতর্কিতে ইজরায়েলের জমিতে হানা দিয়ে বহু নারী-পুরুষ, শিশুদের নিষ্ঠুরভাবে হত্যা করেছিল। এরপর শুরু হয় ইজরায়েলের নির্বিচারে গাজা আক্রমণ। ধ্বংস হতে থাকে গাজার হাসপাতালগুলি। যেমন, খান ইউনুস এলাকার নাসের হাসপাতাল, যেখানে আক্রান্ত মানুষ ও শিশুদের নিয়ে ছুটে এসেছিল আত্মীয়-পরিজনরা, তাও রক্ষা পায়নি। 'কারণ' হিসেবে ইজরায়েলি সেনাবাহিনী জানায়, এসব হাসপাতালের তলায় নাকি সুড়ঙ্গ করে কার্যকলাপ চালাচ্ছে হামাস জঙ্গিরা। অবিরত বোমাবর্ষণে এখন গাজা পরিণত হয়েছে বিরাট ধ্বংসস্থাপে।

I. প্রদত্ত বিবৃতি দুটি পড়ে সঠিক উত্তর নির্বাচন করো –

বিবৃতি – ক - দানিয়ুব নদীর মনোরম তীরে কংক্রীটে গাঁথা রয়েছে ষাট জোড়া লোহার জুতো যা হাঙ্গেরির ফ্যাসিবাদী পার্টির নৃশংস আচরণের সাক্ষ্য বহন করে।

বিবৃতি – খ - সেই ফ্যাসিস্ট ঘাতকদের কাছে জুতো ছিল ঘৃণ্য বস্তু তাই হত্যার পূর্বে ইহুদিদের সেগুলি খুলে রাখতে বলা হয়েছিল।

- A. বিবৃতি - ক ও বিবৃতি - খ উভয়ই সঠিক।
- B. বিবৃতি - ক সঠিক নয় কিন্তু বিবৃতি – খ সঠিক।
- C. বিবৃতি - ক সঠিক হলেও বিবৃতি - খ সঠিক নয়।
- D. বিবৃতি - ক ও বিবৃতি - খ কোনোটিই সঠিক নয়।

II. . পোল্যান্ডে প্রতিটি স্কুলের শিশুকে একবার আউশভিৎসে শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়ার কারণ –

- A. ইহুদিদের বিজয়কাহিনী প্রচার
- B. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সেই ফ্যাসিস্ট ঘাতকদের অত্যাচারের প্রমাণ দেখানোর জন্য।
- C. বিদ্যালয়ের বাৎসরিক শিক্ষামূলক ভ্রমণের নিয়ম রক্ষার্থে।
- D. দানিয়ুব নদীর তীরে অবস্থিত মিউজিয়ামের স্থাপত্যকার্য দেখানোই একমাত্র উদ্দেশ্য।

III. ‘পত্রপত্রিকা, তথ্যচিত্র ও ছায়াছবিতেও এ বিষয়টিই ঘুরে ফিরে আসে।’ - এ বিষয়টি বলতে বোঝানো হয়েছে –

- A. ‘দ্বিতীয় বিশ্বযুদ্ধ’ জয়ের কাহিনী
- B. ‘দ্বিতীয় বিশ্বযুদ্ধ’ র সময় নাৎসি বাহিনীর অত্যাচার ও নিধনের নানা কাহিনী
- C. বর্তমানে ইজরায়েল ও প্যালেস্তাইন সংঘাতের কাহিনী
- D. ইজরায়েলের নির্বিচারে গাজা আক্রমণ।

IV. নাসের হাসপাতালে ইজরায়েলি সেনাবাহিনীর আক্রমণের কারণ –

- A. সেখানে কোনো নিরাপত্তা ছিল না।
- B. সেখানে অনেক বেশি জনসমাগম ছিল।
- C. হামাস জঙ্গিদের গুপ্ত ডেরা ছিল সেখানে।
- D. অতর্কিত আক্রমণ করাই ছিল একমাত্র উদ্দেশ্য।

V. বিরামহীন শব্দের অনুচ্ছেদে ব্যবহৃত সমার্থক শব্দটি হলো –

- A) নির্বিচার B) নিরন্তর C) নিত্য D) অন্তত

B. আমার দাদুর লেখার সঙ্গে আমার পরিচয় ঠাকুরমার সূত্রে। ঠাকুরমাকে আমি দাদাভাই বলে ডাকতাম। আমাকে ঘুম পাড়ানোর সময় দাদাভাই যে সব গল্প-কবিতা বলতেন, তার সবই প্রায় ছিল দাদুর এবং উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর। একটা কথা গোড়ায় বলে রাখা ভাল, আমি কিংবা আমার বাবা কেউই দাদুকে সরাসরি পাইনি। বাবা যখন খুব ছোট, তখন দাদু মারা যান। তাই দু'জনের কাছেই দাদু এসেছেন লেখালিখি এবং তাঁর কর্মকাণ্ডের সূত্রে। আর এসেছেন দাদাভাইয়ের সূত্রে। বাবা এবং আমি সেই সব গল্প পড়ে আবিষ্কার করেছিলাম দাদুকে। সুকুমার রায়ের যে লেখা শুনে আমার প্রথম ভাল লেগেছিল, সেটা ছিল 'হ-য-ব-র-ল'। 'আবোল তাবোল'-এর কবিতাও দাদাভাই বলতেন। কিন্তু সেটা বোঝার মতো বয়স তখনও আমার ছিল না। 'খিচুড়ি', 'শব্দকল্পদ্রুম' কিংবা 'গোঁফ চুরি'র মতো কবিতা ধরার জন্য পরিণত বুদ্ধির প্রয়োজন। ছোট বাচ্চার তো তা থাকে না। তখন হযবরল-র মজা বেশি টানে। আবোল তাবোল পড়তে খারাপ লাগত না। কিন্তু মানে বোঝা মুশকিল ছিল। আবোল তাবোলের মজা পেয়েছি আরও পরে। এক সময় দাদাভাই এবং মা বুঝতে পেরেছিলেন, এ বার আর-একটু পরিণত লেখাপত্র আমাকে পড়ানো দরকার। তখন 'আবোল তাবোল', 'খাই খাই'-এর মতো বই দেওয়া হয়েছিল। আবোল তাবোল এমন এক বই, যা এক এক বয়সে, এক এক ভাবে ভাল লাগে। ছোটবেলায় যখন পড়েছিলাম, তখন কবিতাগুলোর মানে এক রকম মনে হয়েছিল। আরও বড় হওয়ার পর একই কবিতা পড়তে গিয়ে দেখলাম, নতুন নতুন মানে খুঁজে পাচ্ছি। একেই বলে ক্লাসিক। এক্ষেত্রে শুধু বলতে চাই শেষ কবিতাটার কথা। কাব্যগ্রন্থের প্রথম এবং শেষ কবিতার নাম আবোল তাবোল।। শেষ কবিতা লেখার সময় তিনি নিজেও বুঝতে পেরেছিলেন, দিন ফুরিয়ে আসছে। তাই সেই কবিতায় এমন কিছু লাইন লিখেছিলেন, যা আজও নাড়িয়ে দেয়। যেমন, 'আলোয় ঢাকা অন্ধকার ঘণ্টা বাজে গন্ধে তার।/গোপন প্রাণের স্বপন দূত,/ মঞ্চে নাচেন পঞ্চভূতা।' কী সহজ, কিন্তু কী গভীর। সেই জন্য একশো বছরেও বইটার জনপ্রিয়তা একটুও কমেনি। বরং বেড়ে চলেছে।

I. লেখকের দাদুর সঙ্গে লেখকের প্রত্যক্ষ পরিচয়ের সুযোগ না হলেও পরোক্ষ ভাবে যোগাযোগ স্থাপিত হয়েছিল –

বিবৃতি ক – লেখকের ঠাকুরমার মাধ্যমে।

বিবৃতি খ - সুকুমার রায়ের বিভিন্ন রচনা এবং তাঁর কর্মকাণ্ডের সূত্রে।

A. মন্তব্য বিষয়ে বিবৃতি ক ও বিবৃতি খ দুটিই গ্রহণযোগ্য

B.. মন্তব্য বিষয়ে বিবৃতি ক যথাযথ নয় কিন্তু বিবৃতি খ গ্রহণযোগ্য

C. মন্তব্য বিষয়ে বিবৃতি ক গ্রহণযোগ্য হলেও বিবৃতি খ গ্রহণযোগ্য নয়

D. .মন্তব্য বিষয়ে বিবৃতি ক ও বিবৃতি খ কোনোটিই গ্রহণযোগ্য নয়

II. ক্লাসিক রচনা বলতে বোঝায় -

A. শুধুমাত্র প্রাপ্তবয়স্কদের জন্য রচনা B. বেদনাত্মক রচনা

C. যার অর্থ দুরূহ

D. যা কালজয়ী এবং প্রতিটি প্রজন্মের জন্য প্রাসঙ্গিক

III. এই গদ্যাংশের লেখক হলেন –

A. সত্যজিৎ রায় B. তারাপদ রায় C. সন্দীপ রায় D. প্রফুল্ল রায়

IV. ‘শেষ কবিতা লেখার সময় তিনি নিজেও বুঝতে পেরেছিলেন, দিন ফুরিয়ে আসছে।’ – শেষ কবিতায় তার প্রমাণ হিসেবে কোন্ বিকল্পটি ঠিক ?

A. আলো , ঘণ্টা , গন্ধ , মঞ্চ B. অন্ধকার , স্বপন দূত , পঞ্চভূত , ঘণ্টা বাজে
C. গোপন প্রাণ , অন্ধকার , আলো , ঘণ্টা D. নাচ , স্বপন দূত , গন্ধ , অন্ধকার

V. ‘ বইটার জনপ্রিয়তা একটুও কমেনি। বরং বেড়ে চলেছে।’ – বাক্যটিকে সাধুভাষায় রূপান্তরিত করলে হবে –

A. বইটির জনপ্রিয়তা একটুও কমেনি বরং বাড়িয়া চলিয়াছে।
B. বইটির জনপ্রিয়তা একটুও কমে নাই বরং বাড়িয়া চলিয়াছে।
C. বইটার জনপ্রিয়তা একটুও কমে নাই বরং বেড়ে চলিয়াছে।
D. বইটার জনপ্রিয়তা একটুও কমে না বরং বাড়িয়াই চলিয়াছে।

SECTION - C

(Main Course Book & Supplementary Reader): MCQ

2. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তর নির্বাচন করে লেখো : [5X1=5]

I. “ কিন্তু তাই কী সম্ভব? ” - কোন সম্ভাব্যতার প্রতি এখানে ইঙ্গিত করা হয়েছে?

A. সাধারণ মানুষ গল্প লেখক হতে পারে।
B. তপনের লেখা ছাপার অক্ষরে হাজার হাজার ছেলের হাতে হাতে ঘুরবে।
C. তপন সত্যিই আস্ত একটা গল্প লিখে ফেলতে পারবে।
D. ছোট মেসোর মতো লেখক মানুষও তপনের গল্পকে গল্প হিসেবে মর্যাদা দেবেন।

II. ‘এটা কী কাণ্ড করলেন হরিদা’হরিদার কোন্ কাজ বক্তার বিস্ময় উৎপাদন করেছিল?

A. ভয়ঙ্কর পাগল সেজে হরিদা বাসস্ট্যাণ্ডের লোকেদের অনর্থক ভয় দেখাচ্ছিলেন।
B. খাঁটি সন্ন্যাসীর মতো জগদীশবাবুর দেওয়া বড় অঙ্কের টাকা প্রত্যাখ্যান করেছিলেন।
C. আট আনা ঘুষ নিয়ে মাস্টারমশাই-এর অনুরোধ রক্ষা করেছিলেন।
D. বকশিস নিতে পরদিনই জগদীশ বাবুর বাড়িতে গিয়েছিলেন হরিদা।

III. আলোবাবু সমাজের সঙ্গে নিজেকে কিছুতেই ‘খাপ খাওয়াতে পারলেন না’। কারণ.....

ক) চরিত্রগত দিক থেকে আলোবাবু ছিলেন সংসার অনভিজ্ঞ।

খ) সমাজের জটিল আবর্তের সঙ্গে তিনি নিজেকে মানিয়ে নিয়েছিলেন।

গ) সমাজের প্রচলিত হিসেবিয়ানায় তিনি অভ্যস্ত হতে পারেননি।

ঘ) স্বার্থশূন্য ভাবে অসহায়ের সেবা করাই ছিল তার বৈশিষ্ট্য।

মন্তব্য অনুযায়ী নীচের কোন্ বিকল্পটি সঠিক?

A. (ক), (খ)

B. (গ), (ঘ)

C. (খ), (গ)

D. (ক), (ঘ)

IV) মন্তব্য : 'ওদের তখন বুকের ধুকপুকুনি বন্ধ হবার জোগাড়'

কারণ (ক) : ওরা ভেবেছিল ইসাবের বাবার কাছে কোনও কিছুই আর অজানা নেই।

কারণ (খ) : ইসাবের বাবা খুব শান্ত স্বরে তার কাছে এসে দুজনকে বসতে বলেছিলেন।

মন্তব্যের প্রেক্ষিতে কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

A. কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল।

B. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

C. কারণ (ক) এবং কারণ (খ) দুটি সঠিক।

D. কারণ (ক) এবং কারণ (খ) দুটি ভুল।

V) তপনের বয়সী ছেলে-মেয়েরা সাধারণত কী ধরনের বিষয় নিয়ে গল্প লিখতে স্বচ্ছন্দ বোধ করে?

A. হাস্যরসাত্মক, অতিলৌকিক বিষয় সংক্রান্ত

B. গোয়েন্দা, কল্পবিজ্ঞান বিষয়ক

C. রাজা-রানি, খুন-জখম বিষয়ক

D. দুর্ভিক্ষ-অনাহার, যুদ্ধ-বিগ্রহ বিষয়ক

3. 'গল্পগুচ্ছ' থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো -

5x1=5]

I. 'রাধার প্রতি তাঁহার বিদ্রোহ ততই বাড়িয়া উঠিত।' – এই বিদ্রোহ বেড়ে ওঠার কারণ ছিল

A. শশিভূষণের ছোটবউয়ের প্রতি পক্ষপাতিত্ব

B. রাসমণির ব্রজসুন্দরীর প্রতি কটুবাক্য নিক্ষেপ

C. রাধামুকুন্দকে প্রবঞ্চক হিসাবে প্রমাণ করার উপযুক্ত তথ্যের অভাব

D. রাধার উদাসীন মনোভাব

II. শশিভূষণের জমিদারির প্রদেয় খাজনা লুঠ হয়ে যাওয়ার পর প্রথমে সংসার প্রতিপালন কি উপায়ে করা হয়?

- A. শশিভূষণের স্ত্রীর গহনা বন্ধক রেখে
- B. জমিদারির একাংশ বিক্রী করে
- C. রাধামুকুন্দের স্ত্রীর গহনা বন্ধক রেখে
- D. শশিভূষণের সহজ কিছু উপায়ে রোজগার করা অর্থে

III. মন্তব্য : ‘.....সমস্ত অন্তঃকরণ যেন সংকুচিত হইয়া গেল’

কারণ (ক) : পুরাতন বন্ধুকে বিস্মৃত হয়ে অনায়াসেই মিনিকে নবী সহিসের সঙ্গে সখ্য স্থাপন করতে দেখে

কারণ (খ) : খুনের অপরাধে জেলের সাজার মেয়াদ কাটিয়ে মিনির বিবাহের দিনে তাদের বাড়িতে আগত রহমতকে দেখে

মন্তব্যের প্রেক্ষিতে কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

- A. কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল।
- B. কারণ (ক) এবং কারণ (খ) দুটি ভুল।
- C. কারণ (ক) এবং কারণ (খ) দুটি সঠিক।
- D. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

IV. ‘.....কাউকে কিছু বলতে হবে না, আমি আর থাকতে চাই না।’-- বক্তার এই আচরণের কারণ কী বলে তোমার মনে হয় ?

- A. তার প্রতি পোস্টমাস্টারের শুষ্ক দায়িত্ব পালনের মত আচরণকে রতন মেনে নিতে পারেনি
- B. তাকে না জানিয়ে পোস্টমাস্টারের চাকরিতে ইস্তফা দেওয়ার সিদ্ধান্তকে রতন মেনে নিতে পারে নি
- C. প্রত্যাশা মতো অর্থ প্রাপ্তি না হওয়ায় রতন ক্ষুব্ধ হয়েছিল
- D. গ্রামের পাঠশালায় তার পড়াশোনার ব্যবস্থার কথা জানতে পেরে রতন বিরক্ত হয়েছিল

V. ‘.....আমার স্ত্রীর মনে ভয় রহিয়া গেল। — কারণ —

(ক) তিনি ছিলেন অত্যন্ত সন্দেহপ্রবণ এবং দুর্বল প্রকৃতির এক মহিলা

(খ) কাবুলিওয়ালা সম্পর্কে তাঁর মনে যথেষ্ট সংশয় ছিল

(গ) বিশালদেহী একজন কাবুলির পক্ষে অনায়াসেই কোনও শিশুকে চুরি করা সম্ভব

(ঘ) অতীতের কোনো ভীতিজনক অভিজ্ঞতার কারণে

কারণ বিষয়ে নীচের কোন্ বিকল্পটি সঠিক ?

- A. (ক) , (ঘ)
- B. (ক) , (খ)
- C. (খ) , (গ)
- D. (ক), (গ)

PART B: (Descriptive type questions): 60 Marks

SECTION – B [GRAMMAR]

4a. সন্ধি বিচ্ছেদ করো (যে কোনো তিনটি) : [3X1=3]

বাগীশ , পাঁশশো, তজ্জন্য , নীরজ

4b. সন্ধিবদ্ধ পদটি লেখো – (যে কোনো তিনটি) : [3X1=3]

শিরঃ + পীড়া , দিব্ +লোক , রুধ্ + ত , কোথা + থেকে

5. রেখাঙ্কিত পদগুলির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) [5x1 =5]

- a. আমি এক দুর্ভিক্ষের কবি
- b. গ্রীষ্মের প্রবল দাপটে মাঠ যে একেবারে ফুটিফাটা
- c. গল্পের রাতের মধ্যে অভিভূত আমরা ঘুমোতাম
- d. ভোজ খেয়ে বরযাত্রীরা যে একেবারেই খুশি হয়নি তা তাদের মুখ দেখেই বোঝা যাচ্ছিল
- e. বেচাকেনা সেরে বিকেবেলায় যে যাহার সবে ঘরে ফিরে যায়
- f. আশৈশব আমরা ছিলাম বাড়ির বড়দের শাসনাধীন

6. নির্দেশানুসারে প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর করো : (যেকোনও পাঁচটি)

[5X1=5]

- a. সলতেটা নেভার পরও এই ডাক ঘুরতেই থাকবে। (জটিল বাক্যে)
- b. ঝামঝাম করে বৃষ্টি পড়ে, ওর সমস্ত গা যেন শুনতে পায় বৃষ্টির শব্দ। (সরল বাক্যে)
- c. উপস্থিত সকলে আগন্তুকের পরামর্শে সম্মত হইয়া তদনুরূপ আচরণ করিতে লাগিল। (যৌগিক বাক্যে)
- d. আরেকটা ভালো জিনিস ছিল বাড়িতে, যেটা গড়পারে পাইনি। (সরল বাক্যে)

e. স্বরণীয় উত্তরাধিকারে কোনো গ্লানি নেই ভেবে একদিন ভালোবেসে গেছি। (যৌগিক বাক্য)

f. পাঁচরঙা ধানে ছককাটা মাঠ জুড়ায় চাষার আঁখি। (জটিল বাক্য)

7. নির্দেশানুসারে প্রদত্ত বাক্যগুলির ভাষারীতিগত পরিবর্তন করো : (যেকোনও চারটি)

[4X1=4]

a. মহারাজ নাগাদিত্য দলবলসহ ভেরি বাজিয়ে হৈ হৈ শব্দে পর্বতের শিখরে উঠলেন। (সাধুভাষায়)

b. রাত্রে প্রদীপের আলোতেও পড়িবার সামর্থ ছিলনা, কেবল আন্তরিক যত্নেই তিনি অসাধারণ বিদ্যার্জন করিয়াছিলেন। (চলিত ভাষায়)

c. দিগ্দিগন্ত ঝলসিয়ে শুরু করেছে ধ্বংসের এক তাণ্ডব লীলা। (সাধুভাষায়)

d. দিনের এক বিশেষ সময়ে রাস্তার উল্টো ছবি পড়ত জানলার বিপরীত দিকের দেওয়ালের অনেকখানি জায়গা জুড়ে। (সাধুভাষায়)

e. তুমি স্বল্প সময়ের জন্য আসিয়া সকলকে কেবল মর্মাস্তিক বেদনাই দিয়াছো। (চলিত ভাষায়)

SECTION - C

(Main Course Book & Supplementary Reader)

8. “ কোথাও কিছু উলটোপালটা নেই, অন্যরকম নেই” – এখানে কোন সাদৃশ্যের প্রতি ইঙ্গিত করা হয়েছে? [2]

OR

‘তার পিছুপিছু এসে একটু আড়াল থেকে দেখতে লাগলাম’ আড়াল থেকে কোন্ ঘটনা বক্তার চোখে পড়েছিল ?

9. ‘..... কিন্তু একঘেয়ে কাজ করতে ভয়ানক আপত্তি’ --- “একঘেয়ে কাজে আপত্তি”র মধ্যে উদ্দিষ্ট ব্যক্তির কোন্ মানসিকতার প্রতিফলন স্পষ্ট হয়ে ওঠে? [3]

10. (a) অমৃত ও ইসাবের জামা অদল-বদলের প্রয়োজন হয়েছিল কেন ? [2+3=5]

(b) এই অদল - বদলের ঘটনা মানবিক যে দিকটিকে স্পষ্ট করে তা বিশ্লেষণ করো।

11. প্রসঙ্গসহ ব্যাখ্যা লেখো –

[1×5=5]

‘একাকারে মিলিয়ে যাচ্ছে’

OR

“তিনপাহাড়ের নকশিকাঁথায় শিশুর কলরব।”

12. “গান বাঁধবে সহস্র উপায়ে “ - বর্তমান সার্বিক পরিস্থিতিতেও এই উদ্ধৃতি কতটা প্রাসঙ্গিক বলে তুমি মনে করো ?

[3]

OR

“কিছুই কোথাও যদি নেই / তবু তো কজন আছি বাকি”—পঙক্তিটিতে কীভাবে আশাবাদের কথা ফুটে উঠেছে ব্যাখ্যা করো।

13. ‘আমাদের চোখ মুখ ঢাকা’ - কবির এই বিবৃতি কোন্ সত্যকে প্রমাণ করে ?

[2]

14. সংসারে এই একটা মহৎ পরিবর্তন দেখা গেল ...।”-

এই পরিবর্তনকে ‘মহৎ’ বলার কারণ কী ?

[2]

OR

“তাহার কথা একপ্রকার ভুলিয়া গেলাম।”- গল্পকথক উদ্দিষ্ট ব্যক্তির কথা কখন ভুলে গেলেন ?

15 a. “আপনার বহুৎ দয়া , আমার চিরকাল স্মরণ থাকিবে ...।”-

‘আপনার বহুৎ দয়া’ - একথা বলার কারণ বুঝিয়ে লেখো।

[3]

b. “দাদাবাবু তোমার দুটি পায়ে পড়ি ,তোমার দুটি পায়ে পড়ি, আমাকে কিছু দিতে হবে না।”

না।”-

‘কিছু দিতে হবে না’ - কথাটির মাধ্যমে রতন ঠিক কী বোঝাতে চেয়েছিল বলে তুমি মনে করো?

[3]

Section – D: Creative Writing:

16. প্রদত্ত যে কোনও **একটি** বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো - [1×6=6]

A. কলকাতা আন্তর্জাতিক বইমেলা - বাঙালির চিরন্তন আবেগ

B. উচ্চশিক্ষার বিভিন্ন দিক - সুযোগ ও সম্ভাবনা

C. কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ও মানবসমাজ

17. সাইবার অপরাধ বিষয়ে সতর্ক থাকা খুবই জরুরি -এ বিষয়ে সতর্কবার্তা দিয়ে ও প্রশাসনিক হস্তক্ষেপ আবেদন করে সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো। [6]

OR

সম্ভাবনাময় বিভিন্ন পর্যটনক্ষেত্রের জনপ্রিয়তা বাড়াতে এবং সেগুলিকে আকর্ষণীয় করে তুলতে উপযুক্ত রক্ষণাবেক্ষণ ও আধুনিকীকরণ প্রয়োজন— সে বিষয়ে তোমার সুচিন্তিত মতামত জানিয়ে সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো।

LIST OF COMPETANCY BASED QUESTIONS (CBQ) – CLASS X (005)**PART – A / OBJECTIVE TYPE QUESTIONS (MCQ)**

Q.NO. 1 A. I , IV

Q.NO.1 B. II , IV

Q.NO 2. III , IV

Q.NO.3. III , IV

TOTAL - 8 MARKS

PART - B / SUBJECTIVE QUESTIONS

Q.NO. 9 - 3 MARKS

Q.NO. 10 (2ND PART) – 3 MARKS

Q.NO.11 – 5 MARKS

Q.NO.12 - 3 MARKS

Q. NO.13 - 3 MARKS

Q.NO. 15 b - 3 MARKS

Q.NO.16 - 6 MARKS

Q.NO.17 - 6 MARKS

TOTAL - 40 / 80 (50%)